

মানি লভারিং প্রতিরোধ বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

এ এম এল সার্কুলার নং- ২০/২০০৮

তারিখ : ১৪ আগস্ট, ২০০৮
৩০ শ্রাবন, ১৪১৫

প্রধান নির্বাহী
সকল মানি চেঞ্জার প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এবং সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এর
বিধানাবলী পরিপালনে মানি চেঞ্জার প্রতিষ্ঠান কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলী।

২৯ এপ্রিল, ২০০৮ তারিখে ইস্যুকৃত এ এম এল সার্কুলার নং ১৬/২০০৮ এবং ২৯ জুন, ২০০৮ তারিখে ইস্যুকৃত এ এম এল সার্কুলার নং ১৭/২০০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত অধ্যাদেশ দু'টিতে অন্যান্য প্রতিষ্ঠানের পাশাপাশি বাংলাদেশে কর্মরত মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলোকে রিপোর্ট প্রদানকারী সংস্থা নির্ধারণ করা হয়েছে। মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ধারা ২৩ ও সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এর ১৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদসংক্রান্ত অনুসরণীয় নির্দেশনা আপনাদের পরিপালনের জন্য জারী করা হ'লঃ

- ক. মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ২৫(১) এ বর্ণিত বিধানানুযায়ী মানি চেঞ্জার প্রতিষ্ঠান তাদের সেবা গ্রহণকারী প্রত্যেক গ্রাহকের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করবে এবং তা অনূন ০৫(পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করবে।
- খ. দৈনন্দিন কার্যক্রম পরিচালনায় মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলোর সব কর্মকর্তা অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে সচেতন ও সতর্ক থাকবেন এবং মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ধারা ২৫(১)(ঘ) মোতাবেক মানি লভারিং এর সাথে সংশ্লিষ্ট থাকতে পারে এরকম অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্ত হবার সংগে সংগে সংযুক্ত-‘ক’ মোতাবেক লিখিতভাবে মানি লভারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বরাবরে প্রেরণ করবে।
- গ. অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন রিপোর্টকৃত হওয়ার বিষয়ে মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলোর কোন কর্মকর্তা কোন পর্যায়েই গ্রাহক বা অন্য কোন ব্যক্তির কাছে কোন তথ্য ফাঁস করবেন না, যাতে তদন্ত কার্যক্রম ব্যাহত বা বিরূপভাবে প্রভাবিত হতে পারে।
- ঘ. মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮, সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এবং বাংলাদেশ ব্যাংক ইস্যুকৃত মানি লভারিং প্রতিরোধ সার্কুলারগুলোর যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে প্রত্যেক মানি চেঞ্জার প্রতিষ্ঠান তাদের কর্মকর্তাদের উপযুক্ত প্রশিক্ষণদানের ব্যবস্থা করবে।

এছাড়াও মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলো বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক ইস্যুকৃত সার্কুলার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রন আইন, ১৯৪৭, গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস এ বর্ণিত যাবতীয় নির্দেশনা পরিপালন করবে। এ নির্দেশাবলী অবিলম্বে কার্যকর হবে। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ ইস্কান্দার মিয়া)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোন : ৭১২৪৩৬৬

SUSPICIOUS TRANSACTION REPORT (STR)

(For Money Changer Company)

A. Reporting Institution :

1. Name of the Money Changer:

2. Address:

3. Date of report :

B. Customer details :

1. Name of the customer:

2. Address (Present & Permanent):

3. Profession of the Customer:

4. Nationality:

5. Father's name:

6. Mother's name:

7. Date of birth:

8. National ID no.:

C. Reasons for considering the transaction(s) as unusual/suspicious:*(Mention summary of suspicion and consequence of events)***D. Documents to be enclosed:**

1. Copy of passport (Containing the photo, address, visa, endorsement)
2. Endorsement receipt and encashment certificate

Signature : (Authorized officer)

Name :

Designation :

Date :

Phone :